# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. পানিতে নাপাক মিশ্রিত হলে তার হুকুম

## بَابُ حُكْمِ الْمَاءِ إِذَا لَاقَتْهُ النَّجَاسَةُ

আরবী

نَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا أَبُو حُمَيْدٍ الْمِصِّيصِيُّ ، نَا حَجَّاجٌ ، نَا ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ يَحْيَى ؛ أَنَّ يَحْيَى بْنَ عُقَيْلٍ أَخْبَرَهُ ؛ أَنَّ يَحْيَى بْنَ يَعْمُرَ أَخْبَرَهُ ؛ أَنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، قَالَ : " إِذَا كَانَ الْمَاءُ قُلَّتَيْنِ لَمْ يَحْمِلْ نَجَسًا وَلَا بَأْسًا " ، فَقُلْتُ لِيَحْيَى بْنِ عُقَيْلٍ : قِلَالُ هَجَرَ ؟ ، قَالَ : قِلَالُ هَجَرَ ، فَأَظُنُّ أَنَّ كُلَّ قُلَّةٍ تَأْخُذُ فَرَقَيْنِ قَالَ ابْنُ جُرَيْجٍ : وَأَخْبَرَنِي لُوطٌ ، عَنْ أَبِي إِسْحَاقَ ، عَنْ مُجَاهِدٍ ، أَنَّ ابْنَ عَبَّاسٍ ، قَالَ : إِذَا كَانَ الْمَاءُ قُلَّتَيْنِ فَصَاعِدًا لَمْ يُنَجِّسْهُ شَيْءٌ

বাংলা

২৮. আবু বাকর আন-নায়শাপুরী (রহঃ) ... ইয়াহইয়া ইবনে ইয়ামার (রহঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ পানি দুই মশক পরিমাণ হলে তা অপবিত্র হয় না এবং তাতে কোন অসুবিধা নাই। অধস্তন রাবী বলেন, আমি ইয়াহইয়া ইবনে আকীল (রহঃ)-কে জিজ্ঞেস করলাম, তা কি (ইয়ামানের) হাজার নামক এলাকার মশক? তিনি বলেন, হাঁজার এলাকার মশক। আমার ধারণামতে, প্রতি মশকে দুই ফারাক পানি ধরে। ইবনে আব্বাস (রাঃ) বলেন, পানির পরিমাণ দুই মশক বা ততোধিক হলে কোন কিছু তাকে নাপাক করতে পারে না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবনে ইয়ামার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79817

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন